

High Commission for the People's Republic of Bangladesh

337 Runda Road, Runda, Nairobi, Kenya

Tel: +254(0)758705137, +254(0)203870467

Email: nairobi.mission@mofa.gov.bd, Website: <http://bdhcnairobi.com>



প্রেস বিজ্ঞপ্তি

বিএইচএন/ইভেন্টস/২০২০

১৭ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ কেনিয়ার ব্যবসায়ি নেতৃবৃন্দের সম্মানে বাংলাদেশ হাই কমিশন, কেনিয়া আয়োজিত অর্ন্তর্ধান অনুষ্ঠান।

বাংলাদেশ হাই কমিশন, নাইরোবি বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উন্নয়ন ও স্বার্থ সুরক্ষা প্রচেষ্টার ধারাবাহিকতায় গত ১২ থেকে ১৫ ফেব্রুয়ারি ২০২০ কেনিয়ার বন্দরনগরী মোম্বাসায় বিস্তারিত কর্মসূচী পালন করেছে। উক্ত সময়ে, কেনিয়ায় নিযুক্ত বাংলাদেশের মান্যবর হাই কমিশনার মেজর জেনারেল মোঃ জাহাজীর কবির তালুকদার এবং হাই কমিশনের কাউন্সেলর ও দূতালয় প্রধান সায়েম আহমেদ মোম্বাসা সফর করেন।

১২ ফেব্রুয়ারি সন্ধ্যায় মোম্বাসা স্পোর্টস ক্লাবে স্থানীয় বাংলাদেশি নাগরিকদের সাথে হাই কমিশনারের মত বিনিময়ের মাধ্যমে কর্মসূচী শুরু হয়। মোম্বাসায় বসবাসরত বাংলাদেশিদের প্রায় সবাই গাড়ি আমদানি ব্যবসার সাথে যুক্ত। বাংলাদেশি নাগরিকদের ব্যবসায়িক ও অন্যান্য সুযোগ-সুবিধার বিষয়ে হাই কমিশনার বিস্তারিত আলোচনা করেন এবং তাদের গাড়ির বিক্রয়কেন্দ্র এবং অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করেন।

হাই কমিশন কর্তৃক ১৩ ফেব্রুয়ারি সন্ধ্যায় মোম্বাসার ইংলিশ পয়েন্ট মেরিনা হোটেলে কেনিয়া জাতীয় চেম্বার অব কমার্স এবং ইন্ডাস্ট্রিজ নেতৃবৃন্দ, শীর্ষস্থানীয় আমদানীকারক ও ব্যবসায়ি এবং সাংবাদিকদের অংশগ্রহণে এক অর্ন্তর্ধান আয়োজন করা হয়। হাই কমিশনার মেজর জেনারেল মোঃ জাহাজীর কবির তালুকদার স্বাগত বক্তব্যে অংশগ্রহণকারীদের ধন্যবাদ জানিয়ে বাংলাদেশ-কেনিয়া বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনা সম্পর্কে আলোকপাত করেন। এরপর, কাউন্সেলর ও দূতালয় প্রধান সায়েম আহমেদ বাংলাদেশের সাথে বাণিজ্যিক সম্ভাবনার উপর পাওয়ার পয়েন্টের সাহায্যে ব্রিফিং করেন। সবশেষে, হাই কমিশনার উমুক্ত আলোচনায় অংশ নিয়ে বিভিন্ন প্রশ্নের জবাব দেন। অংশগ্রহণকারী ব্যবসায়ীরা বাংলাদেশি পণ্য আমদানিতে যথেষ্ট আগ্রহ ব্যক্ত করেন। মোম্বাসার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া গুরুত্বের সাথে এই অনুষ্ঠানের সংবাদ পরিবেশন করে।

১৪ ফেব্রুয়ারি মোম্বাসা কাউন্টি গভর্নরের দফতরে কাউন্টির শীর্ষ পর্যায়ের নেতৃবৃন্দের সাথে হাই কমিশনার এক বৈঠকে মিলিত হন। বাংলাদেশ-কেনিয়া বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি এবং স্থানীয় বাংলাদেশি নাগরিকদের স্বার্থ সুরক্ষার বিষয়ে স্থানীয় সরকার কর্তৃপক্ষের সাথে আলোচনা করা হয়।

(সয়েম আহমেদ)

কাউন্সেলর ও দূতালয় প্রধান